তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ৭
OV. 29 2002


# ঢাবিতে ছাত্রদলের সাংগঠনিক কার্যক্রম গতিশীল করতে কমিটি গঠন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাংগঠনিক কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে ৭টি টিম গঠন করা হয়েছে। গতকাল এক

ছাত্রদলের : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## ছাত্রদলের : কার্যক্রম

(শেষ পৃষ্ঠার পর)

জরুরি সভায় এ টিমগুলো গঠন করা হয়। এদিকে বিভিন্ন হলের নেতাদের সঙ্গে বিশ্ববিদ্যালয় আহ্বায়ক কমিটির মতবিনিময় সভা গতকাল শেষ হয়েছে। গত ১৮ সেপ্টেম্বর থেকে এই কার্যক্রম শুরু হয়েছিল। হলে হলে সংগঠনের সাংগঠনিক কার্যক্রমের খোঁজখবর, নেতৃত্ব প্রত্যাশী সম্ভাব্য নেতাদের জীবনবৃত্তান্ত সংগ্রহ এবং কর্মিসভা করবে এ টিমগুলো। প্রত্যেক টিম দুটো করে হলে সাংগঠনিক সফর করবে। টিমগুলো হচ্ছে- ওমর ফারুক শাফিনের নেতৃত্বে আঃ হালিম খোকন, আবুবকর সিদ্দিক এবং আহসান উদ্দিন খান শিপন মুহসীন হল ও এফ রহমান হলে যাবেন। আমিরুজ্জামান শিমুলের নেতৃত্বে আতিয়ার রহমান, বিল্লাল হোসেন তারেক ও আনোয়ারুল হক রয়েল সূর্যসেন হল ও বঙ্গবন্ধু হলের সাংগঠনিক খোঁজখবর নেবেন। দুলাল হোসেনের নেতৃত্বে ফজলুল হক হল ও অমর একুশে হলের দায়িত্বে আছেন ইমরান হোসেন, উজ্জ্বল এবং রাজন। শহীদুল্লাহ হল ও জগন্নাথ হলের টিমটির নেতৃত্ব দেবেন আতিকুর রহমান। এ টিমের অন্য সদস্যরা হলেন- কামরুল, সাঈদুর ও শফি মোহাম্মদ খান। এসএম মনিরের নেতৃত্বে সাইফুল, তরুণ দে ও ওবায়দুল হক নাসির জসীমউদ্‌দীন হল ও মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের দায়িত্বে আছেন। ওমর ফারুক শাফিনের নেতৃত্বে সাঈদ, ইশতিয়াক নাসির জহুরুল হক হল ও এসএম হলের দায়িত্বে আছেন। ৪টি ছাত্রী হলের সাংগঠনিক সফরের নেতৃত্ব দেবেন আহ্বায়ক কমিটির একমাত্র নারী নেত্রী ফরিদা বেগম। তিনি অন্যান্য ছাত্রী নেত্রীকে নিয়ে টিমটি গঠন করে নেবেন।

### ঢাকা মহানগর শাখা

এদিকে সংগঠনের মহানগর দক্ষিণ ও উত্তর শাখার কর্মিসভা অনুষ্ঠিত হয়েছে। দুপুরে মহানগর উত্তর ও বিকালে দক্ষিণ শাখার কর্মিসভা বিএনপির মহানগর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উত্তর শাখার সভায় মামুন হাসান এবং দক্ষিণ শাখার সভায় সাগীর আহমদ সভাপতিত্ব করেন। এতে সংগঠনের সাবেক নেতা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী এমপি, আবুল খায়ের ভুঁইয়া, সংগঠনের কেন্দ্রীয় আহ্বায়ক সাহাবুদ্দিন লাল্টু, সেলিমুজ্জামান সেলিম, হারুনুর রশিদ হারুন, শহিদুল ইসলাম বাবুল, রফিকুল আলম মজনু এবং হাবিবুর রশীদ হাবিব বক্তৃতা করেন। সংগঠনকে তৃণমূল পর্যায়ে সংগঠিত করার অংশ হিসেবে কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির দেশব্যাপী সাংগঠনিক সফরের অংশ হিসেবে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।